গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ বেতার সদর দপ্তর
৩১, সৈয়দ মাহবুব মোরশেদ সরণি
শের-ই-বাংলা নগর, আগারগাঁও, ঢাকা-১২০৭।
www.betar.gov.bd

জরুরী

স্মারক নম্বর-১৫.৫৩.০০০০.০১৭.৩৮.০০১.১৮.১১২৩

তারিখ: ০৪/০৪/২০১৮ খ্রি:

বিষয়: ১০ম জাতীয় সংসদের ২০তম অধিবেশনের কার্যক্রম সরাসরি সম্প্রচার।

আগামী ০৮ এপ্রিল ২০১৮ খ্রি:, রবিবার বিকেল ৫টায় গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের মহামান্য রাষ্ট্রপতি ১০ম জাতীয় সংসদের ২০তম অধিবেশন আহ্বান করেছেন। সংসদ অধিবেশনের প্রতিদিনের কার্যক্রম বাংলাদেশ বেতার ঢাকা কেন্দ্রের নিম্নোক্ত ছকে বর্ণিত ফ্রিকোয়েন্সি ও বাংলাদেশ বেতারের ওয়েব সাইট www.betar.gov.bd থেকে সরাসরি সম্প্রচার হবে। এ সময় সংশ্লিষ্ট ফ্রিকোয়েন্সি ব্যবস্থাপনা হবে নিম্নরূপ:

ক্রম	অনুষ্ঠান	ফ্রিকোয়েন্সি	প্রচারকাল	মন্তব্য
০১.	সংসদ অধিবেশনের কার্যক্রম	মধ্যম তরঙ্গ ৬৯৩কি.হা. ও এফ.এম. ১০৩.২মে.হা.	সব সময়	এলপিটি ৬৯৩কি.হা. এর অনুষ্ঠান রিসিভ করে ১০৩.২মে.হা.-এ ইনপুট দিবে
০২.	ঢাকা-ক এর পূর্ব নির্ধারিত অনুষ্ঠান, আযান, জাতীয় অনুষ্ঠান, সংবাদ ও আবহাওয়াবার্তা	মধ্যম তরঙ্গ ৮১৯কি.হা., এফ.এম. ১০৬.০ মে. হা. ও ক্ষুদ্র তরঙ্গ ৪৭৫০কি.হা.	সন্ধ্যা ৭টা পর্যন্ত সব সময়; **(৬৩০কি.হা.-এ সন্ধ্যা ৭টার পরও অনুষ্ঠান থাকলে)**	এইচপিটি-১, ১০৬.০মে.হা.এর অনুষ্ঠান রিসিভ করে ৮১৯কি.হা.-এ ইনপুট দিবে
		মধ্যম তরঙ্গ ৬৩০কি.হা., এফ.এম. ১০৬.০মে. হা. ও ক্ষুদ্র তরঙ্গ ৪৭৫০কি.হা	সন্ধ্যা ৭টা থেকে	৬৩০কি.হা.-এ অনুষ্ঠান না থাকলে
০৩.	ঢাকা-খ এর পূর্ব নির্ধারিত অনুষ্ঠান	মধ্যম তরঙ্গ ৮১৯কি.হা.	সন্ধ্যা ৭টা থেকে	৬৩০কি.হা.-এ অনুষ্ঠান না থাকলে
		প্রচার বন্ধ থাকবে	সন্ধ্যা ৭টা থেকে	৬৩০কি.হা.-এ অনুষ্ঠান থাকলে
০৪.	ঢাকা কেন্দ্রের বিনোদন অনুষ্ঠান	এফ.এম. ৯৭.৬ মে.হা.	-	যথারীতি প্রচার হবে

২। জাতীয় সংসদ অধিবেশনের কার্যক্রম কোনোদিন দুপুর ১২টা ১০মিনিটের পর চালু থাকলে, ঢাকা-ক, ৬৯৩ কি.হা. ট্রান্সমিটারটি দুপুর ১২টা ১০মিনিটে বিরত না হয়ে সংসদ অধিবেশনের কার্যক্রম প্রচার শেষে বিরত হবে/নিজস্ব কর্মধারায় ফিরে যাবে।

৩। সংসদ অধিবেশন সরাসরি সম্প্রচারের লক্ষ্যে সংশ্লিষ্ট ট্রান্সমিটারগুলো চালু না থাকলে সংসদ অধিবেশনের কার্যক্রম শুরুর ১৫ মিনিট পূর্বে চালু হয়ে অধিবেশন/কার্যক্রম প্রচার শেষে বিরত হবে/নিজস্ব কর্মধারায় ফিরে যাবে।

৪। **সংসদ কার্যক্রম প্রচারকালীন মহাশক্তি প্রেরণ কেন্দ্রে বিদ্যুত/যান্ত্রিক বিঘ্নের কারণে মধ্যম তরঙ্গ ৬৯৩ কি.হা-এ সম্প্রচার বিঘ্ন ঘটলে সংসদ অধিবেশন মধ্যম তরঙ্গ ৮১৯ কি.হা ও এফ.এম. ১০৬.০ মে.হা-এ তাৎক্ষণিকভাবে প্রচার শুরু হবে। এ সময় ঢাকা কেন্দ্রের অন্যান্য অনুষ্ঠান প্রচার ব্যবস্থাপনার বিষয়ে আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ বেতার ঢাকা, প্রকৌশল শাখার সংশ্লিষ্টদের সাথে আলোচনাক্রমে সিদ্ধান্ত গ্রহণ করবেন।**

৫। জাতীয় সংসদ অধিবেশনের কার্যক্রম প্রচারের জন্য সিনিয়র প্রকৌশলী, গবেষণা ও গ্রহণ কেন্দ্র, জাতীয় সংসদ ভবন থেকে জাতীয় বেতার ভবন পর্যন্ত টেলিফোন লাইন বুক করবেন। টেলিফোন সংযোগের ব্যয়ভার আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ বেতার ঢাকা-এর খাত থেকে নির্বাহ হবে।

৬। **সংসদ অধিবেশনের প্রতিদিনের কার্যক্রম সরাসরি সম্প্রচারের জন্য সিনিয়র প্রকৌশলী, জাতীয় বেতার ভবন সংসদ ভবনের নির্ধারিত স্থানে প্রয়োজনীয় যন্ত্রপাতি দিয়ে বেতার সম্প্রচার বুথ স্থাপনসহ যাবতীয় প্রকৌশল দায়িত্ব পালন করবেন।**

৭। সংসদের কার্যক্রম প্রচারকালীন এফ.এম ১০৬.০মে.হার্জে প্রচারিতব্য ঢাকা-ক এর পূর্ব নির্ধারিত অনুষ্ঠান, সংবাদ, আযান (প্রযোজ্য ক্ষেত্রে), জাতীয় অনুষ্ঠান ও আবহাওয়াবার্তা স্যাটেলাইটে আপলিঙ্কের জন্য সিনিয়র প্রকৌশলী, গবেষণা ও গ্রহণ কেন্দ্র প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

৮। সংসদ অধিবেশনের কার্যক্রম সরসারি সম্প্রচারের জন্য আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ বেতার ঢাকা সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারী ও উপস্থাপক-উপস্থাপিকাদের নিরাপত্তা পাশ সংগ্রহসহ সংসদ অধিবেশন প্রচারের পূর্বে ঘোষণা/প্রমো প্রচারের মাধ্যমে শ্রোতাদের অবহিতকরণ, সংসদের কার্যক্রম যথাযথভাবে প্রচারের জন্য সংশ্লিষ্ট সকলের (প্রকৌশল ও বার্তাশাখাসহ) সাথে যোগাযোগ এবং সমন্বয়সহ প্রচার নিশ্চিত করবেন।

৯। সংসদ অধিবেশন সুষ্ঠভাবে প্রচারের জন্য আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ বেতার ঢাকা সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীদের পূর্বাহ্নে দায়িত্ব অর্পণ করবেন এবং তিনি/তাঁর প্রতিনিধি সম্প্রচার বুথে উপস্থিত থেকে সংসদ অধিবেশন সম্প্রচার তত্ত্বাবধানসহ তা যথাসময়ে সম্প্রচার নিশ্চিত করবেন।

১০। সংসদের কার্যক্রম প্রচারকালীন ফিলার প্রচারে সংশ্লিষ্ট শাখা অনুমোদিত সংগীত/অনুষ্ঠান/গানের তালিকা অনুসরণ করবে।

১১। সংসদ অধিবেশনের প্রতিদিনের কার্যক্রমের সময়সূচি পরিবর্তন হলে আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ বেতার ঢাকা এবং সিনিয়র প্রকৌশলী, জাতীয় বেতার ভবন জাতীয় সংসদ সচিবালয়ের সাথে যোগাযোগপূর্বক যথাসময়ে সংসদ অধিবেশন কার্যক্রম সুষ্ঠভাবে সম্প্রচার নিশ্চিত করবেন।

১২। পরিচালক, বার্তা, কেন্দ্রীয় বার্তা সংস্থা-সংসদ অধিবেশনের প্রতিদিনের কার্যক্রমের ওপর প্রতিবেদন সংবাদে প্রচারের ব্যবস্থা গ্রহণ করবেন।

১৩। সংসদ অধিবেশনের প্রতিদিনের কার্যক্রম শুরুর কমপক্ষে ১ঘন্টা পূর্বে সংসদ ভবনে উপস্থিতির জন্য সংশ্লিষ্ট দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারীদের নির্দেশনা প্রদান করা হলো।

১৪। পরিচালক, লিয়াজোঁ, সদর দপ্তর এ সংক্রান্ত প্রেস বিজ্ঞপ্তি প্রকাশের ব্যবস্থা গ্রহণ করবেন।

(সালাহউদ্দিন আহমেদ)
উপ মহাপরিচালক, অনুষ্ঠান
ফোন: ০২-৪৪৮১৩০৬৭
মহাপরিচালকের পক্ষে।

বিতরণ: কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)-

১। উপ-মহাপরিচালক (বার্তা), প্রধান প্রকৌশলী, বাংলাদেশ বেতার (সংশ্লিষ্ট কর্মকর্তাদের নির্দেশনা প্রদানের অনুরোধসহ)।
২। পরিচালক, বার্তা, কেন্দ্রীয় বার্তা সংস্থা, আগারগাঁও, ঢাকা/অতিরিক্ত প্রধান প্রকৌশলী, মহাশক্তি প্রেরণ কেন্দ্র, ধামরাই, ঢাকা।
৩। সিনিয়র প্রকৌশলী/আবাসিক প্রকৌশলী, গবেষণা ও গ্রহণ কেন্দ্র, সদর দপ্তর **(দপ্তর আদেশটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)**/জাতীয় বেতার ভবন, আগারগাঁও ঢাকা/উচ্চশক্তি প্রেরণ কেন্দ্র-১/২, সাভার, ঢাকা।
৪। পরিচালক, লিয়াজোঁ, বাংলাদেশ বেতার, সদর দপ্তর, আগারগাঁও, ঢাকা।
৫। আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ বেতার ঢাকা।
৬। স্টেশন প্রকৌশলী, নিম্নশক্তি প্রেরণ কেন্দ্র, কল্যাণপুর, ঢাকা।